



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ



ওয়েব সাইট : www.rdodtekhulna.gov.bd

স্মারক নং : ৫৭.০৩.৩৩৪৫.১০১.১৮.০০১.২৩-২৭৫

তারিখ : ০১/০৮/২০২৩ খ্রিঃ

বিষয় : "ডেঙ্গু প্রতিরোধে প্রয়োজনীয় কার্যক্রম/উদ্যোগ গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং-৫৭.০৩.০০০০.০১০.১৮.০০৮.২২-১৫৯

তারিখ: ১ আগস্ট ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামপ্রতিক সময়ে ঢাকা সহ সারাদেশে ডেঙ্গুর প্রাদুর্ভাব তুলনামূলকভাবে বৃদ্ধি পেয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী প্রতিদিন উল্লেখযোগ্য সংখ্যক ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হচ্ছে এবং মৃত্যুবরণ করছে। যত্রতত্র ময়লা অবর্জনা ফেলা, মৌসুমী বৃষ্টিপাত, জমানো পানি, বৈশ্বিক জলবায়ু পরিবর্তন ইত্যাদি কারণে এডিস মশার প্রজনন ক্ষেত্র প্রসারিত হচ্ছে, যা মূলতঃ ডেঙ্গু প্রাদুর্ভাবের জন্য দায়ী। এডিস মশার প্রজনন রোধই পারে ডেঙ্গুর প্রাদুর্ভাব থেকে জনসাধারণকে রক্ষা করতে। এক্ষেত্রে জনসচেতনতা বৃদ্ধি এবং এডিস মশার প্রজনন ক্ষেত্র ধ্বংসের কোন বিকল্প নাই।

আমাদের চারপাশ নিজ উদ্যোগে পরিচ্ছন্ন রাখতে পারলে এবং এডিস মশার প্রজনন ক্ষেত্র ধ্বংস করতে পারলে আমরা ডেঙ্গু প্রতিরোধ করতে পারব। এ অবস্থায় আপনার প্রতিষ্ঠানের চারপাশে, স্থাপনাসমূহে পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা এবং পানি জমার পাত্র ও স্থানসমূহ বিনষ্টে প্রয়োজনীয় ব্যবস্থা অনুরোধ করা হলো।



(মোঃ ইসরাইল হোসেন)
পরিচালক (উপসচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ।

বিতরণ :

- ১। অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট (সকল), খুলনা বিভাগ।
- ২। অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল), খুলনা বিভাগ।
- ৩। অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক, এমপিওভূক্ত/নন-এমপিওভূক্ত, বি.এম কলেজ/সংযুক্ত ও স্বতন্ত্র এস.এস.সি (ভোকঃ) স্কুল/মাদ্রাসা/কলেজ/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান (সকল) এবং বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট (সকল), খুলনা বিভাগ।

স্মারক নং : ৫৭.০৩.৩৩৪৫.১০১.১৮.০০১.২৩.

তারিখ : ০১/০৮/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ।
- ৩। জেলা প্রশাসক (সকল), খুলনা বিভাগ।
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, অত্র দপ্তর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। সংরক্ষণ নথি।

(মোঃ ইসরাইল হোসেন)
পরিচালক (উপসচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ।

ই-মেইল: rdokhulna@gmail.com

ফোন: ০২৪৭৭০০৩৪১